মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৭ জন

মেহেরপুর তিন থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় ৭ জন আসামি গ্রেফতার হয়েছে।
এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ২ জন, মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ২ও গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৩ আসামি গ্রেফতার হয়েছে।
মঙ্গলবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে জেলার বিভিন্ন স্থানে ও পুলিশের একটি টিম ঢাকাতে আজ বুধবার (৩১ মে) ভোররাত পর্যন্ত অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।
গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল। পুলিশের একাধিক টিম পৃথক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।
আজ বুধবার (৩১ মে) দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

মেহেরপুরের তিন মাদ্রাসা ছাত্রী উদ্ধার; গ্রেফতার ৩

গাংনী উপজেলার বামন্দী দাখিল মাদ্রাসার উধাও হওয়া তিন ছাত্রীকে ঢাকার বিমানবন্দর এলাকা থেকে উদ্ধার করেছে গাংনী থানা পুলিশ। সেই সাথে ৩ জনকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃতরা হলেন,আব্দুল হান্নান, রুমান আলী ও আলমগীর হোসেন।
গতকাল মঙ্গলবার দিবাগত রাতে রাজধানী ঢাকার বিমানবন্দর এলাকা থেকে তাদেরকে উদ্ধার করে পুলিশ। গ্রেফতারকৃতদের বাড়ি বিভিন্ন জেলায়। তারা ঢাকায় শ্রমিক হিসেবে কর্মরত ছিলো।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকতার্ মো: আব্দুর রাজ্জাক বলেন, গত রোববার (২৮মে) গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের দেবীপুর গ্রামের বানারুল ইসলামের মেয়ে ও বামন্দী দাখিল মাদ্রাসার অষ্টম শ্রেণির ছাত্রী স্বপ্না খাতুন (১৪), একই গ্রামের সাইদুল ইসলামের মেয়ে ও একই মাদরাসার নবম শ্রেণির ছাত্রী সূবর্ণা খাতুন (১৫) এবং জামরুল ইসলামের মেয়ে নবম শ্রেণির ছাত্রী সুমাইয়া খাতুনকে (১৫) বাড়ি থেকে বের হয়ে আর ফিরে আসেনি। পরে তাদের অভিভাবকরা গাংনী থানায় এসে সাধারণ ডাইরি (জিডি) করেন। ওই তিন ছাত্রী একই সঙ্গে প্রতিদিন মাদ্রাসায় যাওয়া—আসা করতো। গ্রামের মানুষ অনেক খোঁজাখুঁজি করেও তাদের সন্ধান পাননি

বামন্দী পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই ইসরাফিল বলেন, তথ্য প্রযুক্তি ব্যবহার করে তিন মাদ্রাসা ছাত্রী উদ্ধার ও তিন জনকে ঢাকার বিভিণ্ণ এলাকা থেকে গ্রেফতার করা হয়েছে।

প্রেম সংক্রান্ত ঘটনার কারনে না অন্য কোনো কারণে ওই মাদ্রাসা ছাত্রীরা ঢাকায় গিয়েছিলো। এ বিষয়ে পরে বিস্তারিত জানানো হবে।

গাংনীর বাঁশবাড়িয়া থেকে বালি ব্যবসায়ীর মরদেহ উদ্ধার; পুলিশের ধারণা হত্যা

গাংনী উপজেলার বাঁশবাড়িয়া গ্রামে একটি বালির গাঁদা থেকে লাল্টু মিয়া (২৮) নামের এক বালি ব্যবসায়ীর মরদেহ উদ্ধার করা হয়েছে।

আজ বুধবার (৩১ মে) সকালে স্থানীয়রা তার মরদেহ বালির গাঁদা থেকে উদ্ধার করেন। লাল্টু মিয়া এ উপজেলার পুড়াঁপাড়া গ্রামের খেদের আলীর ছেলে। নিহতের শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহৃ রয়েছে। ধারণা করা হচ্ছে তাকে পিটিয়ে ও শ্বাসরোধ করে হত্যা করেছে দূবৃর্ত্তরা।

জানা গেছে, লাল্টুর ভাগ্নে ইয়াকুব আলীর অভিযোগ তার মামার সাথে ৩

শতক জমি নিয়ে প্রতিবেশী আলমাস আলী, জাব্বারুল ইসলাম, জাহাঙ্গীর আলম, বাদশা, পলাশ, মমতাজ, জনি, জসিম ও সেন্টুর সাথে গ্যানজাম চলছে। জমি নিয়ে দীর্ঘদিন যাবৎ এদের সাথে মামলা মোকদ্দমা চলছে। তারাই মামাকে হত্যা করে ফেলে রেখেছে। এর আগেও জনি ও সেন্টু মামাকে মাথায় আঘাত করে মাথা ফাটিয়েছে। সে মামলায় তারা জেল খেটেছে। বিভিন্ন সময় তারা হত্যার হুমকি দিয়ে আসছে। আজ ভোরে বালি নেবে বলে ডেকে নিয়ে হত্যা করেছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে তাকে হত্যা করা হয়েছে। বালির ব্যবসা বা জমি সংক্রান্ত কোনো বিরোধ আছে কিনা সেটা খোঁজ নিয়ে বলা যাবে। নিহতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতাল মর্গে পাঠানোর প্রস্তুতি চলছে।

মেহেরপুরে ভারতীয় মদসহ মাদক ব্যবসায়ীকে আটক

১২ বোতল ভারতীয় অফিসার চয়েজ মদসহ আব্দুল্লাহ (২০) নামের এক যুবককে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

গতকাল মঙ্গলবার সন্ধ্যায় গাংনী উপজেলার কাজিপুর গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করে পুলিশ।আটক আব্দুল্লাহ কাজিপুর গ্রামের মৃত সিহাব আলীর ছেলে।

জেলা গোয়েন্দা শাখার ইন্সপেক্টর আমিনুল ইসলামের নেতৃত্বে এসআই আশরাফুল ইসলাম, এএসআই হেলাল উদ্দিন সংগীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে এই অভিযান চালানো হয়।

আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় মামলা হয়েছে। যার মামলা নং ৩৪

মেহেরপুরে মাদক ব্যবসায়ীর হামলায় র্যাব কর্মকর্তা জখম: গুলিবিদ্ধ অবস্থায় হামলাকারী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামে মাদক ব্যবসায়ীর হাসুয়ার কোপে র্যাবের এসআই আহত। অপরদিকে র্যাবের গুলিতে হামলাকারী মাদক ব্যবসায়ী গুলিবিদ্ধ হয়েছে। র্যাব এ ঘটনায় ৫৭ বোতল ফেনি্সিডিলও উদ্ধার করেছে।

গতকাল মঙ্গলবার বিকাল পৌণে ৪ টার দিকে হাড়াভাঙ্গা গ্রামের বাগানপাড়ার মাঠ নামক স্থানে এই ঘটনা ঘটে।

আহত র্যাবের এসআই উত্তম কুমার র্যাব-১২ সিপিসি মেহেরপুর ক্যাম্পে কর্মরত এবং আহত হামলাকারী আনোয়ার হোসেন সুইট হাড়াভাঙ্গা গ্রামের আব্দুল হামিদের ছেলে। সে দেড় বছর আগে সৌদি আরব থেকে দেশে ফিরেছেন।

স্থানীয়রা জানান, বিকেল পৌনে ৪ টার দিকে র্যাব-১২, সিপিসি মেহেরপুর ক্যাম্পের একটি টিম এসআই উত্তম কুমারের নেতৃত্বে বাগানপাড়া এলাকার ভিটের মাঠে অভিযান চালায়। এসময় সুইট হাসুয়া হাতে করে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। ভিটের মাঠ নামক স্থানে পৌছানোর পর ধারালো হাসুয়া দিয়ে এসআই উত্তম কুমারের মাথায় পিঠে ও অন্যান্য স্থানে উপর্যুপুরি কুপিয়ে আহত করেন। অন্যান্য র্যাব সদস্যরা তাকে লক্ষ করে কয়েক রাউন্ড গুলি ছুঁড়লে সুইটের দু পায়ে ও হাতে ৪টি গুলিবিদ্ধ হয়। পরে গুলিবিদ্ধ অবস্থায় সুইটকে আটক করেন র্যাব সদস্যরা।

স্থানীয় কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মু. আলম হুসাইন বলেন, ঘটনার সময় র্যাবের পক্ষ থেকে কমপক্ষে ৯ রাউন্ড গুলি করা হয়েছে বলে প্রত্যক্ষদর্শিরা আমাকে জানিয়েছে। সুইটের দুই পায়ে ও হাতে ৪টি গুলিবিদ্ধ হয়েছে।

র্যাব-১২, সিপিসি মেহেরপুর ক্যাম্প কমান্ডার সিনিয়র এএসপি গোলাম ফারুক জানায়, ফেনসিডিলের একটি চালান বেচাকেনা চলছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে র্যাব-১২ এর একটি টিম অভিযান চালাতে যায়। র্যাবের উপস্থিতি টের পেয়ে র্যাবের উপর ধারালো অস্ত্র নিয়ে হামলা চালায় সুইট। র্যাবের পক্ষ থেকেও আত্মরক্ষার্থে কয়েক রাউন্ড গুলি চালানো হয়েছে। এক পর্যায়ে গুলিবিদ্ধ সুইটকে ফেনসিডিলসহ আটক করা হয়েছে।

বর্তমানে র্যাবের উপপরিদর্শক (এসআই) উত্তম কুমার ও গুলিবিদ্ধ সুইটকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

মেহেরপুরে জিয়াউর রহমানের শাহাদাৎ বার্ষিকী পালন

মেহেরপুরে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪২ তম শাহাদাৎ বার্ষিকী পালন করেছে মেহেরপুর শহর বড়বাজার জেলা বিএনপি।

আজ মঙ্গলবার বিকালে মেহেরপুর শহরের বড় বাজার জেলা বিএনপি’র কার্যালয়ে এই আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটনের সভাপতিত্বে জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম দুলালের সঞ্চালনায় আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি আলমগীর খান ছাতু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

জিয়া মঞ্চ মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক অ্যাড.নজরুল ইসলাম, জেলা যুবদল নেতা ইসমাইল হোসেন, যুবদল নেতা মনিরুল ইসলাম মনি, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক মোঃ আজাদুল হক, সাবেক ছাত্রনেতা মিন্টু, ব্যারিস্টার জাহাঙ্গীর সহ বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন।

আলোচনা শেষে সাবেক রাষ্ট্রপতি ও বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের আত্মার মাগফিরত কামনা করে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

মুজিবনগরের বাগোয়ান ইউপি’র সামাজিক সম্প্রীতি কমিটির সভা

মুজিবনগরের বাগোয়ান ইউনিয়ন পরিষদে, সামাজিক সম্প্রীতি কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বেলা সাড়ে ১২টার সময় বাগোয়ান ইউনিয়ন পরিষদের আয়োজনে ইউনিয়ন পরিষদ হল রুমে ওই সভা অনুষ্ঠিত হয়।

সভায় বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর রতনপুর পুলিশ ক্যাম্প এর টু আইসি এস আই কবির, ইউপি সদস্য সোহরাব হোসেন, রকিবউদ্দীন, বাবুল মল্লিক, রমজান আলি, সিবাস্তিন মল্লিক ঝড়ু, সংরক্ষিত মহিলা সদস্য আফরোজা বানু রোজ, মাবিয়া খাতুন, মহিরম বিবি সহ ইউনিয়ন পরিষদের কর্মচারি বৃন্দ।

সামাজিক সম্প্রতি কমিটির সভায় আরো উপস্হিত ছিলেন, আনন্দবাস জামে মসজিদের ইমাম আল মোরাদ, ভবেরপাড়া জামে মসজিদের ইমাম নূর মহাম্মদ, বল্লভপুর মন্দির সভাপতি শ্রী রনজিত, ক্ষুদ্র ও নিগোষ্ঠি প্রতিনিধি শ্রী উত্তম দাসসহ মি: আদম মন্ডল, কুতুবউদ্দীন সহ ইউনিয়নের বিভিন্ন গ্রামের গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে দুটি দোকান মালিকের ৭ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের মুজিবনগরে দোকানে ও ফ্রিজের মধ্যে মেয়াদ উত্তীর্ণ পণ্য রেখে বিক্রি করা, মোড়কীকরণ বিধি বহির্ভূত অনুমোদিত পণ্য বিক্রি ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে দুটি দোকানে ৭ হাজার টাকা জরিমানা আদায় করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর পরিচালিত ভ্রাম্যমাণ অভিযান।

আজ মঙ্গলবার (৩০ মে) দুপুরের দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ উপজেলার কেদারগঞ্জ মোড় ও বাগোয়ান এলাকায় এই অভিযান চালান। এসময় সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তারিকুল ইসলাম ও মুজিবনগর থানা পুলিশের একটি টিম ভ্রাম্যমাণ অভিযানকে সহযোগীতা করেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্র জানায়, বাগোয়ান মোড়ে মেসার্স সাহান স্টোরে দোকানে ও ফ্রিজের মধ্যে মেয়াদ উত্তীর্ণ পণ্য রেখে বিক্রি করা, মোড়কীকরণ বিধি বহির্ভূত অনুমোদিত পণ্য বিক্রি ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো: মিয়ারুল ইসলামকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ও ৫১ ধারায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

অপরদিকে, মেয়াদ উত্তীর্ণ পণ্য নিয়ম বহির্ভূতভাবে দোকানে সাজিয়ে রেখে বিক্রি ও মোড়কীকরণ, বিধি বহির্ভূত পণ্য বিক্রি করাসহ অন্যান্য অপরাধে একই এলাকার মেসার্স আব্দুল্লাহ ফাস্টফুডের মালিক মো: আব্দুল্লাহ আল মামুনকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৩৭ ও ৫১ ধারায় ২ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় দোকান দুটি থেকে জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ ও খারাপ পণ্যগুলো জনসম্মুখে পুড়ানো হয়। স্থানীয় ব্যবসায়ী ও জনসাধারণের মাঝে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

মুজিবনগরে বাগোয়ান ইউপি ২০২৩-২৪ অর্থ বছরের উন্মুক্ত বাজেট ঘোষনা

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বছরের উন্মুক্ত বাজেট ঘোষনা করা হয়েছে। মঙ্গলবার সকাল ১১ টার সময় ইউনিয়ন পরিষদের হলরুমে উন্মুক্ত বাজেট ঘোষনা অনুষ্ঠিত হয়।

বাগোয়ান ইউনিয়ন পরিষদের সচিব সালমা পারভিন বাজেট ঘোষনা করেন।

উন্মুক্ত বাজেট ঘোষনা অনুষ্ঠানে বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন এর সভাপতিত্বে, উপস্থিত ছিলেন, রতনপুর পুলিশ ক্যাম্প এর ইনচার্য কবির, ইউপি সদস্য সোহরাব হোসেন, রকিবউদ্দীন, বাবুল মল্লিক, রমজান আলি, সিবাস্তিন মল্লিক ঝড়ু, সংরক্ষিত মহিলা সদস্য আফরোজা বানু রোজ, মাবিয়া খাতুন, মহিরম বিবি সহ ইউনিয়ন পরিষদের কর্মচারি বৃন্দ।

বাজেট ঘোষনা অনুষ্ঠানে আনন্দবাস জামে মসজিদের ইমাম আল মোরাদ, ভবেরপাড়া জামে মসজিদের ইমাম নূর মহাম্মদ, বল্লভপুর মন্দির সভাপতি শ্রী রনজিত, ক্ষুদ্র ও নিগোষ্ঠি প্রতিনিধি শ্রী উত্তম দাসসহ মি: আদম মন্ডল, কুতুবউদ্দীন সহ ইউনিয়নের বিভিন্ন গ্রামের গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে বাগোয়ান ইউনিয়ন পরিষদের ২০২৩-২৪ অর্থ বছরে ১,৪৪,৬৫,৯৩৭ টাকার বাজেট ঘোষনা করা হয়।

মেহেরপুরে জিয়াউর রহমানের শাহাদাৎ বার্ষিকী পালন

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪২তম শাহাদাৎ বার্ষিকী পালন করেছে মেহেরপুর জেলা বিএনপি।

আজ মঙ্গলবার সকাল ১১ টার সময় শহরের কমিউনিটি সেন্টারে জেলা বিএনপির আয়োজনে শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহাফিল অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। বক্তব্য রাখেন, জেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আব্দুর রহমান, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস বিএনপির দলীয় নেতা-কর্মীরা।

সাবেক এমপি মাসুদ অরুণ বলেন, সরকারের পদত্যাগ ছাড়া কোন বিকল্প নেই। ইভিএম, ব্যালট বুঝিনা। অনতিবিলম্বে সরকারের পদত্যাগের মাধ্যমে নির্দলীয় নিরপেক্ষ তত্ববধায়ক সরকারের অধীনে একটি সুষ্ঠু নির্বাচন চায় আমরা।

এসময় বিএনপির দলীয় নেতা-কর্মীরা আলোচনা সভা ও দোয়া মাহাফিল কর্মসূচীতে অংশ নেয়।